
ইত্তেফাক



তারিখ 08 MAR 1986
পৃষ্ঠা ... ... ... 1 কলাম ... 1 ...



গতকাল কেন্দ্রীয় শহীদ মিনারে ধর্মঘটী শিক্ষকদের সভা —ইত্তেফাক

## ধর্মঘটী শিক্ষকদের সমাবেশে দাবী পূরণের আহ্বান

(ইত্তেফাক রিপোর্ট)

৬ই মার্চ পরীক্ষা গ্রহণকালে গুলীতে নিহত ও আহত ছাত্র-শিক্ষকদের প্রতি সহানুভূতি জ্ঞাপনের জন্য গতকাল (শুক্রবার) বিকাল ৩টায় কেন্দ্রীয় শহীদ মিনারে ধর্মঘটী শিক্ষকরা এক শোক সমাবেশের আয়োজন করে। বদরুদ্দিন হাওলাদার, খোরশেদ আলম চৌধুরী এ সমাবেশে

(৮ম পৃঃ ২-এর কঃ দ্রঃ)

### ধর্মঘটী শিক্ষকদের সমাবেশে

(১ম পৃঃ পর)

বক্তৃতা করেন। শিক্ষকরা পরে মিছিল সহকারে বায়তুল মোকাররম চত্বরে যান ও সেখানে গায়েবানা জানাজা আদায় করেন।

সভায় গৃহীত প্রস্তাবে পরীক্ষাকালে উদ্ভূত পরিস্থিতির জন্য সরকারকে দায়ী করা হয় এবং হতাহতদের জন্য ক্ষতিপূরণ ছাড়াও দোষী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করা হয়। ৮ই মার্চের মধ্যে গ্রেফতারকৃতদের মুক্তি, হুলিয়া প্রত্যাহার, প্রশিক্ষার্থীদের হোস্টেলে প্রত্যাগমনের পরিবেশ সৃষ্টির দাবী জানাইয়া সরকারকে ৮ই মার্চের মধ্যে আলোচনার ভিত্তিতে দুই দফা ন্যায়সঙ্গত দাবী মীমাংসা করিয়া পরীক্ষার সুষ্ঠু পরিবেশ গড়িয়া তোলার আহ্বান জানানো হয়।

আজ শিক্ষকরা সারা দেশে হরতালে বিক্ষোভ ও সমাবেশের আয়োজন করিবেন এবং ইউএনও কার্যালয়ে স্মারকলিপি পেশ করিবেন। আগামীকাল (রবিবার) সকাল ১০টায় শহীদ মিনারে বৃহত্তর সমাবেশ অনুষ্ঠিত হইবে। সারাদেশে একইভাবে সমাবেশের আয়োজন করা হইবে।

এদিকে শিক্ষক সমিতির আবদুন নূর চৌধুরী ও নজরুল ইসলামের নেতৃত্বাধীন গ্রুপ অপ্রীতিকর অস্বাভাবিক পরিস্থিতিতে অনুষ্ঠিত ৬ই মার্চের পরীক্ষা বাতিলের দাবী জানাইয়াছে এবং পরীক্ষা বন্ধ রাখিয়া পরবর্তী সময়-সূচীতে পরীক্ষা নেওয়ার আহ্বান জানাইয়াছে।